

## ভিকারুন নিসার সেই শিক্ষিকা সাসপেণ্ট

স্টাফ রিপোর্টার ॥ কোচিং বাণিজ্যের তথ্য সংগ্রহ ও ভিডিও চিত্র ধারণ করতে গেলে সাংবাদিকদের ওপর চড়াও হওয়া ভিকারুন নিসা নূন স্কুল এ্যান্ড কলেজের আজিমপুর শাখার সহকারী শিক্ষক কানিজ ফাতেমাকে সাময়িক বরখাস্ত করেছে স্কুল কর্তৃপক্ষ।

শনিবার অভিযুক্ত ওই শিক্ষককে সাময়িক বরখাস্তের চিঠি দেয়া হয় বলে গণমাধ্যমকে ভিকারুন নিসা নূন স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ ফওজিয়া রেজওয়ান বিষয়টি নিশ্চিত করেছেন। বিষয়টি খতিয়ে দেখতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। তদন্ত প্রতিবেদন জমা দেয়ার কমিটিকে তিন দিনের সময় বেঁধে দিয়েছে স্কুল কর্তৃপক্ষ। বিষয়টি নিয়ে শনিবার দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী বৈঠক করেছেন বলে জানা গেছে।

শুক্রবার দুপুরে রাজধানীর আজিমপুর চায়না গলিতে নিয়ম না মেনে অগ্রগামী কোচিং সেন্টারের ক্লাস নেয়ার তথ্য সংগ্রহ করতে গেলে বেসরকারী একটি টেলিভিশনের সাংবাদিকদের ওপর বহিরাগত লোকজন নিয়ে হামলা চালায় কানিজ ফাতেমা।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত  
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ ৭৯৬।

**কার্যালয়:** জনকর্ত্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাস্ট: ৩০৮০, ঢাকা।

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com)  
ই-জনকর্ত্ত: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)